মেহেরপুরে প্রবেশনারদের সহিত মতবিনিময় সভা

মেহেরপুরে প্রবেশনারদের সহিত মতবিনিময় সভার আয়োজন করা হয়। সোমবার বিকেলে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হল-রুমে প্রবেশনারদের সহিত মতবিনিময় সভার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বির সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের রেজিস্ট্রি অফিসার কাজী মোঃ আবুল মনসুরের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারী ও শিশু আদালতের পাবলিক প্রসিকিউটর এ কে এম আসাদুজ্জামান, মেহেরপুর জেলা প্রবেশন কর্মকর্তা সাজ্জাদ হোসেন, মজিবনগর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, সদর উপজেলা সমাজসেবা অফিসার আনিসুর রহমান।

মেহেরপুর জেলায় প্রথম প্রবেশন আদেশ পাওয়া যায় ০২-১২-২০২০ খ্রিস্টাব্দে।

মেহেরপুর জেলায় এ পর্যন্ত ৪৭ জন প্রবেশনারের প্রবেশন আদেশ চলমান রয়েছে এর মধ্যে শিশু প্রবেশনারের সংখ্যা ১৬ জন এবং বয়স্ক প্রবেশনারের সংখ্যা ৩১ জন।

আমদহ ইউপি নির্বাচন ১৬ মার্চ

অবশেষে দীর্ঘ প্রতিক্ষার পর মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসীল ঘোষনা করেছে নির্বাচন কমিশন। আগামী ১৬ মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঘোষিত তফসীল অনুযায়ী আগামী ১৯ ফেব্রুয়ারি মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ, ২০ ফেব্রুয়ারি বাছাই, ২৭ ফেব্রুয়ারি প্রার্থীতা

প্রত্যাহারের শেষ দিন, ২৮ ফেব্রুয়ারি প্রতীক বরাদ্দের দিন ধার্য করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তীকে রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১১ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

জেলা নির্বাচন সূত্রে জানা গেছে, আমদহ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন ছিলো। মামলাটি গতবছরের অক্টোবর মাসে খারিজ করে দেওয়া হলে নির্বাচনী প্রক্রিয়া শুরু হয়।

গাংনীর কাথুলী ইউনিয়নে

প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে অসহায় ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবিল থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠে শীত বস্ত্র বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন এমপি।

এছাড়াও উপস্থিত ছিলেন ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ১ নং কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেন,সাধারণ সম্পাদক মোজাম্মেল হক ১ নং কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, সহ এক নম্বর কাথুলী ইউনিয়ন আওয়ামলীগের সকল সভাপতি এবং সেক্রেটারিবৃন্দ। উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

এসময় মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন প্রধান মন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে অসহায় দুস্ত মানুষের মাঝে ৬০০ টি কম্বল বিতরণ করেন।

গাংনীতে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে । সোমবার বেলা ১১টার দিকে গাংনীর হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ৫ শতাধিক শীতার্তকে একটি করে কম্বল বিতরণ করেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহহবিল থেকে প্রেরিত এসকল শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ও গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেন, জনপ্রতিনিধি ও স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মীবৃন্দ।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তঃস্কুল পুরস্কার বিতরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাটলেটিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার দিনব্যাপি খেলাধুলা শেষে বিকেল ৩টার সময় পুরুস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান রানা সভাপতি কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও চেয়ারম্যান ১ নং ইউনিয়ন পরিষদ সভাপতিত্ব করেন মোঃ হাফিজুল ইসলাম অধ্যক্ষ ভারপ্রাপ্ত কুতুবপুর স্কুল এন্ড কলেজ।

এ সময় উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,গাড়াবাড়ীয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, সহকারী শিক্ষক, আক্তারুজ্জামান লাভলু, জয়নাল আবেদীন প্রমুখ।

শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক প্রতিযোগিতা খেলায় কাথুলী ইউনিয়নের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ

গ্রহন করেন। খেলা সহ দেশত্ববোধক গানের সাথে নিত্য করেন স্কুলের ছাত্রীরা।

মেহেরপুরে শীতেও লোডশোডিং

মেহেরপুরে তীব্র শীতের মধ্যে ভোগাচ্ছে লোডশেডিং। শীত মৌসুমেও বিদ্যুতের চাহিদা কম থাকলেও দিনের বিভিন্ন সময় দেওয়া হচ্ছে লোডশেডিং। গত কয়দিন ধরে শহরের বিভিন্ন এলাকায় লোডশেডিং হচ্ছে দিনের একাধিক সময়। ফলে শীতের দিনে বিদ্যুতের আসা-যাওয়াতে মেনে নিতে পারছেন না জনসাধারণ। একই সঙ্গে শিল্পকারখানা, ব্যবসা প্রতিষ্ঠানেও এর প্রভাব পড়ছে।

শহরের ফটোকপি দোকানি পাপ্পু হোসেন জানান, শীতের সময় যে এইভাবে বিদ্যুতের লোডশেডিং হবে এইটা কখনোই ভাবিনি। কম্পিউটারের টাইপিং চলতে চলতে লোডশেডিং দিচ্ছে সে কারণে পুনরায় আবার নতুন করে টাইপিং করতে হচ্ছে। আবার ফটোকপি করতে করতে লোডশেডিং হচ্ছে সে কারণে ফটোকপি মেশিনের ভিতরে কাগজ আটকিয়ে বারবার মেশিন নষ্ট হয়ে যাচ্ছে। ক্রেতাদের ফটোকপি করতে অনেকক্ষণ বসে থাকতে হচ্ছে। আমরা অনেক বিপর্যয়ের ভিতর আছি।

মেহেরপুরের রিংকু ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের স্বত্ত্বাধিকার রিংকু হোসেন বলেন, মেশিন চালাইতে চালাইতে যখন লোডশেডিং হয় বাটালি ভেঙে যায় এবং মেশিনের বিভিন্ন ধরনের পার্টস এর ক্ষতি হয়। শীতের সময়ও এইভাবে বিদ্যুতের লোডশেডিং হওয়াতে আমরা ব্যাপক সমস্যার মধ্যে পড়ে আছি।

মেহেরপুরে বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান ওজোপাডিকোর নির্বাহী প্রকৌশলী তোফাজ্জেল হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, মেহেরপুরে আবাসিক ও বাণিজ্যিক মিলে ওজোপাডিকোর গ্রাহক সংখ্যা ১৯ হাজার। বিদ্যুতের চাহিদা রয়েছে ৫ মেগাওয়াট কিন্তু পাওয়া যাচ্ছে ৪ মেগাওয়াট। ফলে শীত মৌসুমেও তুলনামূলক কম বিদ্যুৎ চাহিদার সময়ে লোডশেডিং দিয়ে পোষাতে হচ্ছে।

বিদ্যুতের ঘাটতি সম্পর্কে জানতে চাওয়া হলে তিনি বলেন, আমরা

সরবরাহকারী মাত্র। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও বিদ্যুৎ উন্নয়ন কেন্দ্র আমাদেরকে যেভাবে বিদ্যুৎ সরবরাহ করছে আমরা বিদ্যুৎ বিতরণ সংস্থা হিসেবে সেই ভাবেই গ্রাহকদের বিদ্যুৎ চাহিদা মেটাচ্ছি।

গাংনীতে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে স্কুল শিক্ষক নিহত

মেহেরপুরের গাংনী পৌর শহরের পশ্চিম মালশাদাহ এলাকায় দ্রতগতির ড্রাম ট্রাকের চাকায় পিষ্ট হয়ে শামীমা ইসলাম কণা (৫৫) নামের এক স্কুল শিক্ষক নিহত হয়েছেন। আজ সোমবার সকাল সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনাটি ঘটে। একই সময়ে আহত হন স্বামী ফিরোজ আহমেদ ও তার মেয়ে। স্বামীর সাথে মোটরসাইকেল যোগে ওই শিক্ষক প্রশিক্ষণের জন্য গাংনী আসছিলেন।

নিহত শামীমা ইসলাম গাংনীর করমদি মাধ্যমিক বিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের শিক্ষক। তার স্বামী ফিরোজ আহম্মেদ করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

স্থানীয়রা জানান, নিহত শামীমা ইসলাম কণা তার স্বামী ফিরোজ আহমেদের সাথে মোটরসাইকেল যোগে গাংনীতে প্রশিক্ষনের জন্য আসছিলেন। মালসাদহ ব্রীজ সংলগ্ন এলাকায় পৌছুলে বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী ড্রাম ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ছিটকে পড়ে ওই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে নিহত হন শামীমা ইসলাম কণা। ঘটনার পরপরই ড্রাম ট্রাকসহ পালিয়ে যায় চালক ও তার সহকারী। খবর পেয়ে বামন্দী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একটি টীম নিহত শামীমা ইসলাম ও আহত ফিরোজ আহমেদকে উদ্ধার করে।

বামুন্দি ফায়ারসার্ভিসের টীম লিডার ইছাহাক আলী বিষয়টি নিশ্চিত করে জানান, নিহত শিক্ষকের মরদেহ উদ্ধার করে থানায় হস্তান্তর করা হয়েছে এবং আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন,

দুর্ঘটনার সংবাদ পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে পাঠানো হয়েছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গার জিসান টাওয়ারে অনৈতিক কর্মকান্ড, ৩ নারী যৌন কর্মী আটক

আলমডাঙ্গার পৌর শহরের জিসান টাওয়ারে অভিযান চালিয়ে ৩ যৌন কর্মীকে আটক করেছে পুলিশ। তারা অনৈতিক কাজে লিপ্ত হওয়ার জন্য ওই বাড়িতে অবস্থান করছিলেন।

গত শনিবার রাত ১০টার দিকে পৌর শহরের দারুস সালাম মোড়স্থ জিসান টাওয়ারের ৫ম তলা থেকে তাদের আটক করা হয়।

স্থানীয়রা জানান, উপজেলার কালিদাসপুর ইউনিয়নের মোনাকষা গ্রামের আনোয়ারের ছেলে আরজান। তিনি কাঁচামালের আড়ৎ ব্যবসায়ী।

দীর্ঘদিন আড়ৎ ব্যবসার আড়ালে পৌর এলাকার গোবিন্দপুর পালপাড়ার মৃত খাদেমুল হকের স্ত্রী মনোয়ারা খাতুন ও মেয়ে সজিনার মাধ্যমে বিভিন্ন অঞ্চলের উঠতি বয়সি মেয়েদের মাধ্যমে দেহ ব্যবসা পরিচালনা করছে।

তারা পৌর শহরের বিভিন্ন স্থানে বাসা ভাড়া নিয়ে এ পতিতা ব্যবসা পরিচালনা করছে। ইতোপূর্বে গত ১ মাস পূর্বে স্থানীয়রা ওই বাড়িতে পতিতাসহ এক যুবককে আটক করে।

মানোয়ারা ও সজিনা খাতুন গত ২ মাস পূর্বে পৌর শহরের জিসান টাওয়ারের বাসা ভাড়া নেয়। টাওয়ারের ৫ম তলায় উঠতি বয়সী তরুণীদের দিয়ে দেহ ব্যবসা করে আসছে। শনিবার রাত ১০ টায় মোনাকষা গ্রামের কাঁচামালের আড়ৎ ব্যবসায়ী আরজান পৌর এলাকার এরশাদপুর গ্রামের আতিয়ারের মেয়ের সাথে দৈহিক ঘনিষ্ঠ মুহুর্তে স্থানীয়রা তাদের আটক করে। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ ঘটনাস্থলে পৌছে ওই বাড়িতে তল্লাশি চালিয়ে ৩ যৌন কর্মীকে আটক করে। এসময় কৌশলে আরজান ওই

বাড়ি থেকে পালিয়ে যায়।

আটকৃত নারীরা হলো- গোবিন্দপুর পালপাড়ার মৃত খাদিমুল হকের স্ত্রী মনোয়ারা খাতুন (৫০), মীরপুর থানার ইশেলমারি গ্রামের সিরাজুল ইসলামের মেয়ে রিতা খাতুন (২১), পৌর এলাকার এরশাদপুর গ্রামের আতিয়ার রহমানের মেয়ে রিয়া খাতুন (২১)।

এঘটনায় আলমডাঙ্গা থানায় অনৈতিক ঘটনায় ২৯০ ধারায় মামলা দায়ের করেছে। গতকাল রবিবার বিকেলে সংশ্লিষ্ট মামলা আদালতে সোর্পদ করা হয়।

খুলনা রেঞ্জের ডিআইজির মেহেরপুরে বিভিন্ন কর্মসূচীতে যোগদান

খুলনা রেঞ্জের ডিআইজি মঈনুল হক বিপিএম (বার), পিপিএম দিনব্যাপী মেহেরপুর পুলিশের বিভিন্ন কর্মসূচীতে যোগদান করেছেন।

গতকাল রবিবার ডিআইজি মঈনুল হক বিপিএম বার), পিপিএম মেহেরপুরে এসে পৌছালে পুলিশ সুপার রাফিউল আলম তাঁকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করেন। পরে জেলা পুলিশের একটি চৌকষ দল তাঁকে গার্ড অব অনার প্রদান করে। এসময় তিনি সালাম গ্রহণ করেন।

পরে পুলিশ লাইন ড্রিল শেডে অনুষ্ঠিত বিশেষ কল্যাণ সভায় প্রধান অতিথি হিসেবে যোগ দেন। পুলিশ সুপার রাফিউল আলমের সভাপতিত্বে অন্যদের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনসহ পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ডিআইজি মঈনুল হক বিপিএম (বার), পিপিএম, বাস্তব ঘটনা ও অভিজ্ঞতা উল্লেখ করে জেলা পুলিশের সর্বস্তরের সদস্যদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। পরে তিনি পুলিশ কর্মকর্তাদের সাথে পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলন কক্ষে

অনুষ্ঠিত “বিশেষ অপরাধ সভায়” প্রধান অতিথি হিসেবে যোগ দেন। এসময় মেহেরপুর জেলার আইন-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

অপ্রীতিকর ঘটনার মধ্যদিয়ে কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণসভা সম্পন্ন

অপ্রীতিকর ঘটনার মধ্য দিয়ে সম্পন্ন হয়েছে এবারের কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণসভা।
স্বরণকালের রেকর্ড ভেঙ্গে এবার নির্ধারিত সময়ের চাইতে সভার কার্যক্রম শুরু হয় ২ ঘন্টা বিলম্বে। সকাল ১০ টায় যে সভা শুরু হওয়ার কথা সে সভা বিলম্বে দুপুর ১২ টায় সভা শুরু করে রাত ৮টার মধ্যেই করা হয়েছে শেষ। এবারের সভায় শুরু থেকে ছিল উত্তেজনা ও নেতাদের কথায় ছিল তিক্ততার বিষ। কথার তীরে ঘায়েল করতে বক্তব্যে একে অপরকে করেন ধবল ধোলাই। সভার প্রথম পর্ব শান্তিপূর্ণ পরিবেশে শেষ হলেও দ্বিতীয়ার্ধের শুরুতে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে হট্টগোল, হাতাহাতি, চেয়ার ভাংচুর ও স্বপন নামের এক শ্রমিক রক্তাক্ত জখম সহ সভাস্থলে কয়েক দফা হাতাহাতির মধ্য দিয়ে এবারের দ্বি-বার্ষিক সাধারণসভা হয়েছে শেষ।

রোববার সকাল ১০টার স্থলে দুপুর ১২ টার দিকে কেরুজ ইমারত বিভাগের সামনে আয়োজন করা হয় শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণসভা। সাধারন সভাকে কেন্দ্র করে নির্ধারিত সভা চত্বর ছিল শুনশান। সাধারন সভাকে কেন্দ্র করে সাকাল ৯টার পর থেকে শ্রমিক সংগঠন গুলো দলবদ্ধ হয়ে দলেদলে মিছিল সহকারে নেতারা কর্মী- সমর্থকদের নিয়ে হাজির হন সভাস্থলে। দুপুর ১২টার দিকে শুরু হয় আলোচনাপর্ব। পবিত্র কোরআন তেলওয়াত ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে সভার কার্যক্রম শুরু হয়।

এ সভার উদ্বোধন করেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন। এসময় উপস্থিত ছিলেন, কুষ্টিয়া আঞ্চলিক শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক সিরাজুল ইসলাম সহ শ্রমিক নের্তৃবৃন্দ। শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বার্ষিক আয়-ব্যয়ের হিসাবসহ ৫ পৃষ্ঠা বিশিষ্ট প্রতিবেদন পাঠ করেন সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ।

২০২১ সালের আয় দেখানো হয়েছে ১৩ লাখ ১৪ হাজার ৯৮৯ টাকা ৮৮ পয়সা। ওই বছরেই ব্যয় করা হয়েছে ৬ লাখ ৭৯ হাজার ৫০০ টাকা। অবশিষ্ট টাকার পরিমাণ ৬ লাখ ৩৫ হাজার ৪৮৯ টাকা ৮৮ পয়সা। ২০২২ সালে আয় হয়েছে ১৫ লাখ ৭৩ হাজার ১১৮ টাকা ৮৮ পয়সা এবং ব্যয় হয়েছে ৮ লাখ ৯৬ হাজার ৫১৭ টাকা ৪৫ পয়সা। ফলে ২ বছরের আয়-ব্যয় হিসাবে অবশিষ্ট টাকার পরিমাণ ৬ লাখ ৭৩ হাজার ৬০১ টাকা ৪৩ পয়সা।

সভায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, সাধারন সম্পাদক পদপ্রার্থী জয়নাল আবেদীন নফর। অনুষ্ঠানে বর্তমান পরিষদের সহ-সভাপতি ও সহ-সম্পাদক পদপ্রার্থী মোস্তাফিজুর রহমানের উপস্থাপনায় উপস্থিত থেকে আরও বক্তব্য রাখেন, সহ-সভাপতি পদপ্রার্থী রেজাউল করিম, মফিজুল ইসলাম, এসএম কবির, বর্তমান পরিষদের সহ-সম্পাদক খবির উদ্দিন, হাফিজুল ইসলাম, সদস্যপ্রার্থী বর্তমান পরিষদের সদস্য মজিবর রহমান, নুরুল ইসলাম, ইদ্রিস আলী, সাইফ উদ্দিন সুমন, ডাবলু, আব্বাস আলী, হারিজুল ইসলাম, সাহেব আলী শিকদার, জাহিদুল ইসলাম, রবিউল ইসলাম সুমন, প্রমুখ।

সভায় ৫ সদস্য বিশিষ্ট প্রস্তাবিত নির্বাচন পরিচালনা কমিটি ঘোষণা করা হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয়েছে চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) মুহাম্মদ সাইফুল ইসলাম, সদস্য সচিব ব্যবস্থাপক (ডিস্টিলারি) ফিদাহ হাসান বাদশা, উপব্যবস্থাপক (সংস্থাপন) আল আমিন, গ্যারেজ ইঞ্জিনিয়ার আবু সাঈদ ও সহব্যবস্থাপক (ভূমি) জহির উদ্দিনকে।

গত নির্বাচনের তুলনায় এবারের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ১ মাস ৫ দিন আগে। সাধারণসভা অনুষ্ঠিত হলো ১২ দিন আগে। কেরুজ নির্বাচন মানেই মহোৎসব। এ নির্বাচন গোটা জেলাবাসীকে জানান দেয়। গোটা মৌসুম জুড়ে নির্বাচনী বাতাস থাকে গরম। নির্বাচনকে ঘিরে কেরুজ আঙিনা ভোটার ও বহিরাগতদের পদচারণায় এখন মুখরিত। প্রার্থীদের